# কেমব্রিজ পাবলিক স্কুলস

## ছাত্র/ছাত্রীদের যে ইলেকট্রনিক যন্ত্র ঋণে দেওয়া হবে তার জন্যে-

## ইলেক্ট্রনিক যন্ত্র ব্যবহারকারীর চুক্তি

________________________ __________________ __________________

ছাত্র/ছাত্রীর নাম লিঙ্গ তারিখ

________________________ __________________

ছাত্র/ছাত্রীর আই ডি নাম্বার অভিভাবকের নাম

আমি এতদ্বারা স্বীকার করছি যে কেমব্রিজ পাবলিক স্কুল আমাকে একটি ইলেকট্রনিক যন্ত্র ও নিম্নোক্ত আনুসঙ্গিক ও পারিপার্শ্বিক উপকরণ প্রদান করেছেন এবং আমি তা গ্রহণ করেছি, উপকরণগুলির বিশদ বর্ণনা এই প্রকার:__________________________________________________
__________________________________________________________________
(অতঃপর এদের সম্মিলিতভাবে উল্লেখ করা হবে "ইলেক্ট্রনিক যন্ত্র" বলে)। আমি স্বীকার করছি যে এই ইলেক্ট্রনিক যন্ত্রগুলি আমাকে দেওয়া হয়েছে কেবলমাত্র আমার শিক্ষার কাজে লাগাবার জন্যে এবং এই ইলেক্ট্রনিক যন্ত্র কেমব্রিজ পাবলিক স্কুলস-এর সম্পত্তি, ও ভবিষ্যতে এগুলি কেমব্রিজ পাবলিক স্কুলস-এর সম্পত্তিই থাকবে, এবং এগুলি আমাকে ঋণ হিসাবে প্রদান করা হয়েছে যতদিন আমি কেমব্রিজ পাবলিক স্কুলের ছাত্র থাকব ততদিনের জন্যে। আমি স্বীকার করছি ও বুঝেছি কেমব্রিজ পাবলিক স্কুল তাদের অধিকার বজায় রাখবে যে কোনও সময় এই ইলেক্ট্রনিক যন্ত্র পরিদর্শন করার জন্যে, এই ইলেক্ট্রনিক যন্ত্রে যা ফাইল সঞ্চিত করা আছে তা যাচাই করার জন্যে, এবং যত তথ্য এই ইলেক্ট্রনিক যন্ত্রে সঞ্চিত থাকবে তা প্রকাশ করতে হতে পারে স্টেট পাবলিক রেকর্ডসের আইন ও বিধি অনুসারে, খালি সেই তথ্যগুলি ছাড়া যেগুলি প্রকাশ করার কোনও বাধ্যবাধকতা নেই, যেমন সেই দলিলগুলি যেগুলি ফেডারেল ও স্টেট স্টুডেন্ট রেকর্ডস আইন ও বিধি অনুসারে সুরক্ষিত আছে। আমি আরও বুঝেছি যে আমাকে এই ইলেক্ট্রনিক যন্ত্র স্কুলে ফেরত দিতে হবে যখন স্কুল থেকে এর রক্ষণাবেক্ষণ ও পরিদর্শনের জন্যে চাইবে।

আরও বিশেষভাবে, আমি এই ইলেক্ট্রনিক যন্ত্রের যত্ন, সুরক্ষা ও রক্ষণাবেক্ষণের জন্য নিম্নোক্ত নির্দেশ গুলি পালন করতে স্বীকৃত হলাম:

১. আমাকে দেওয়া এই ইলেক্ট্রনিক যন্ত্রটি কখন কোথায় আছে আমার জানা থাকবে ও আমি এটি সবসময় আমার সাথেই রাখব যদি না এটি কোথাও সাবধানে সুরক্ষিত থাকে। আমি কখনই এই ইলেক্ট্রনিক যন্ত্রটিকে অরক্ষিত অবস্থায় ছেড়ে রাখবোনা। আমি বুঝেছি যে আমাকে এই ইলেক্ট্রনিক যন্ত্রটি উপযুক্ত জায়গায় রাখতে হবে এর সঠিক চালু অবস্থা বজায় রাখার জন্য এবং জল, ধুলো ও চরম তাপমাত্রা মানে অতিরিক্ত গরমের বা ঠাণ্ডার থেকে ক্ষতির হাত থেকে বাঁচানোর জন্য, এবং সেরকম যত্ন-সাধন করতে হবে যা আমার কাছ থেকে আশা করা হয় কেমব্রিজ পাবলিক স্কুলের সম্পত্তি রক্ষা করার জন্য, এবং এই ইলেক্ট্রনিক যন্ত্রটির হারিয়ে যাওয়া, চুরি হওয়া, ক্ষতি হওয়া বা ভেঙ্গে যাওয়া থেকে

বাঁচানোর জন্যে, এবং আমি এই ইলেক্ট্রনিক যন্ত্র রক্ষণাবেক্ষণ করব ও যে অবস্থায় আমাকে ঋণ দেওয়া হয়েছে সেই অবস্থায় ফেরত দেব।

২. আমি আমার পাসওয়ার্ড গোপন এবং সুরক্ষিত রাখব। যদি কখনো আমার মনে হয় যে পাসওয়ার্ড গোপন ও সুরক্ষিত নেই তাহলে আমি তখনি তা স্কুল কর্তৃপক্ষকে জানাব।

৩. আমি কখনই আমাকে দেওয়া ইলেক্ট্রনিক যন্ত্র অন্য কাউকে ধার দেবনা।

৪. আমি বুঝেছি যে ফেডারেল চিলড্রেনস ইন্টারনেট প্রটেকশন আইন (সি আই পি এ) অনুযায়ী, আমার সমস্ত ইন্টারনেট কার্যকলাপ হতে হবে কেমব্রিজ পাবলিক স্কুলের গ্রহণযোগ্য ব্যবহার বিধি অনুসারে, এবং তা ফিল্টার করা হবে। আমি বুঝেছি এই ইন্টারনেট কার্যকলাপ ফিল্টার করা হবে আমি এটা স্কুল ভিতরে বা বাইরে ব্যবহার করা কালীন।

৫. আমি বুঝেছি আমাকে দেওয়া ইলেক্ট্রনিক যন্ত্রের সুরক্ষা ও সঠিক ব্যবহার নিশ্চিত করার জন্য, এই ইলেক্ট্রনিক যন্ত্রে সুরক্ষা পরিদর্শন উপকরণ লাগানো আছে যা যন্ত্রের সব কার্যকলাপ নথিভুক্ত করবে এবং এই যন্ত্রে যা কার্যকলাপ হবে তার পরিদর্শন করার অধিকার কেমব্রিজ পাবলিক স্কুলের থাকবে।

৬. আমি খাবার বা পানীয় আমাকে দেওয়া ইলেক্ট্রনিক যন্ত্র থেকে দুরে রাখব কারণ এতে এর ক্ষতি হতে পারে।

৭. আমি এই ইলেক্ট্রনিক যন্ত্রে কোনও রকম দাগ কাটা, আঁকা, লেখা বা স্টিকার বা ডিক্যাল লাগাবো না।

৮. আমি আমাকে দেওয়া এই ইলেক্ট্রনিক যন্ত্রের বা তার কোনও অংশের কোনোরকম মেরামতি, বদল, উন্নতিসাধন বা পরিবর্তন করবোনা (এতে এই ইলেক্ট্রনিক যন্ত্রের ওয়ারান্টি বাতিল হতে পারে)। আমি এই ইলেক্ট্রনিক যন্ত্রের রিফর্মাটিং করবোনা, এর সুরক্ষা সেটিং বদল করবোনা, বা এর অপারেটিংসিস্টেম পালটাবো না বা এই ইলেক্ট্রনিক যন্ত্রে কোনও সফটওয়্যার ইন্সটল করবনা। আরও বুঝেছি যে, আমি এই ইলেক্ট্রনিক যন্ত্রে ইন্টারনেট থেকে কোনও সফটওয়্যার, গান বা অন্য প্রোগ্রাম ডাউন-লোড করবোনা, যদিনা তা বিশেষভাবে অনুমোদিত থাকে সিপিএস ইনফরমেশন, কমিউনিকেশন এবং টেকনোলজি সার্ভিসেস (আই সি টি এস) ডিপার্টমেন্ট ও স্কুল কর্তৃপক্ষ দ্বারা।

৯. যদি কোনও ক্ষতি হয় বা ভেঙ্গে যায়, যা দাগ, ফাটা বা টোল খাওয়াও হতে পারে, আমি যত তাড়াতাড়ি সম্ভব তা সিআরএলএস টেক সেন্টারে রিপোর্ট করব এবং যদি মেরামতির দরকার হয় তাহলে তখনি এই ইলেক্ট্রনিক যন্ত্র ফেরত দিয়ে দেব।

১০. যদি এই ইলেক্ট্রনিক যন্ত্র চুরি হয়, গুণ্ডামির শিকার হয় বা হারিয়ে যায়, তাহলে আমি তখনি তা আমার লার্নিং কমিউনিটি অফিসে জনাব।

১১. আমি কেমব্রিজ পাবলিক স্কুল গৃহীত ব্যবহার পলিসি, সফটওয়্যার কোড অফ এথিকস, রাইটস ও রেস্পন্সিবিলিটিস-এর হ্যান্ডবুক এবং অন্যান্য স্কুল সংক্রান্ত অনুশাসনের অনুসরণ করব। আমি বুঝেছি যে

কোনোরকম অনুপযুক্ত ব্যবহার যা কেমব্রিজ পাবলিক স্কুল গৃহীত ব্যবহার পলিসি, সফটওয়্যার কোড অফ এথিকস, রাইটস ও রেস্পিন্সিবিলিটিস-এর হ্যান্ডবুক এবং অন্যান্য স্কুল সংক্রান্ত অনুশাসনের অনুযায়ী নয় তার জন্য শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হতে পারে যাতে থাকতে পারে সুবিধার মুলতুবি বা প্রত্যাহার, স্কুল থেকে সাসপেন্ড করা বা বিতাড়ণ করা এবং/কিম্বা উপযুক্ত আইনি ব্যবস্থা।

১২. আমি সমস্ত প্রযোজ্য কপিরাইট ও সফটওয়্যার লাইসেন্স এগ্রিমেন্ট মেনে চলব যা বে-আইনি ভাবে সংগ্রহীত কোনও মিডিয়া বা সফটওয়্যার ডাউন-লোড করতে মানা করে।

১৩. আমি আমাকে দেওয়া ইলেকট্রনিক যন্ত্র থেকে বা যেকোনো ইলেক্ট্রনিক যন্ত্র থেকে বুলি করা বা ভয় দেখানো (যাতে থাকতে পারে বুলি করা এবং/কিম্বা সাইবার বুলি করা) থেকে নিরস্ত থাকব যার দ্বারা আমাকে দেওয়া ইলেকট্রনিক যন্ত্র থেকে বা যেকোনো ইলেক্ট্রনিক যন্ত্র থেকে অন্য কারো কোনও অনিষ্ট করার চেষ্টা হতে পারে।

১৪. আমি আমাকে দেওয়া ইলেক্ট্রনিক যন্ত্র ফেরত দিয়ে দেব যদি আমাকে স্কুল কর্তৃপক্ষ (বা তাদের মনোনীত কেউ) তা ফেরত দিতে বলেন। আমি স্কুল ছেড়ে দিলে, বিতাড়িত হলে বা যে কোনও কারণে স্কুল থেকে নাম কাটা গেলে, আমাকে দেওয়া ইলেকট্রনিক যন্ত্র স্কুল কর্তৃপক্ষকে (বা মনোনীত কাউকে) আমার স্কুলে থাকার শেষ দিনে ফেরত দিয়ে দেব।

১৫. আমি মেনে নিচ্ছি যে এই ইলেক্ট্রনিক যন্ত্রটির বর্তমান মূল্য হলও ___________________ । এবং আমার ইচ্ছায় বা অসাবধানতায় যদি এই ইলেকট্রনিক যন্ত্র হারিয়ে যায়, চুরি হয়, ক্ষতিগ্রস্ত হয় বা ভেঙ্গে যায়; তাহলে আমি স্বীকার করছি এবং অঙ্গীকার দিচ্ছি যে কেমব্রিজ পাবলিক স্কুলকে এই ইলেক্ট্রনিক যন্ত্র প্রতিস্থাপন সংক্রান্ত সব অর্থ প্রদান করতে অঙ্গীকারবদ্ধ থাকব এবং কেমব্রিজ পাবলিক স্কুলকে সর্বতো ভাবে সাহায্য করব এই ইলেকট্রনিক যন্ত্র হারিয়ে যাওয়া, চুরি হওয়া, ক্ষতিগ্রস্ত হওয়া বা ভেঙ্গে যাওয়ার দরুন ক্ষতিপূরণ সংগ্রহ করার জন্য। আমি আরও স্বীকার করছি এবং রাজি হচ্ছি যে আমি যদি এই ইলেক্ট্রনিক যন্ত্রটি ফেরত দিতে না পারি বা অরাজি হই তাহলে আমি অঙ্গীকারবদ্ধ থাকব কেমব্রিজ পাবলিক স্কুলকে এই ইলেক্ট্রনিক যন্ত্র প্রতিস্থাপন সংক্রান্ত সব খরচ পরিশোধ করতে এবং কেমব্রিজ পাবলিক স্কুল উপযুক্ত ব্যবস্থাও নিতে পারে এই ইলেক্ট্রনিক যন্ত্র উদ্ধার করার জন্য এবং/কিম্বা তার প্রতিস্থাপনের জন্য সমস্ত খরচ পরিশোধ নেবার জন্য।

১৬. আমি আরও বুঝেছি যে কেমব্রিজ পাবলিক স্কুল এই ইলেক্ট্রনিক যন্ত্র সম্বন্ধে বা যা পরিষেবা দেবার কথা সে সম্বন্ধে কোনোরকম ব্যক্ত বা অব্যক্ত ওয়ারান্টি দেয় না। আমি বুঝেছি যে কেমব্রিজ পাবলিক স্কুল কোনভাবে দায়বদ্ধ থাকবেনা কোনোরকম ক্ষতি, ডাটা হারিয়ে যাওয়া, পরিষেবাতে বাধা, দেরী হওয়া, ডেলিভারি না হওয়া বা ভুল ডেলিভারি হওয়ার জন্য। আমি বুঝেছি যে কেমব্রিজ পাবলিক স্কুল তথ্যের যথার্থতা বা গুনমান সম্বন্ধে দায়বদ্ধ থাকবেনা যে তথ্যগুলি ইন্টারনেট বা অন্যকোনো নেটওয়ার্ক থেকে প্রাপ্ত হয়েছে বা সংরক্ষণ করা হয়েছে, এই তথ্যের ব্যবহার সম্পূর্ণভাবে আমার দায়িত্বে হবে। আমি এও বুঝেছি যে কেমব্রিজ পাবলিক স্কুলকে কোনোরকম আর্থিক দায়বদ্ধতার সম্বন্ধে দায়ী করা যাবেনা যা কোনও নেটওয়ার্ক বা ইন্টারনেট ব্যবহারের ফলে উদ্ভব হতে পারে, এবং কেমব্রিজ পাবলিক স্কুল দায়ী থাকবেনা কোনোরকম কম্পিউটার বা ইলেকট্রনিক ভাইরাস-এর জন্য যা স্থানান্তরিত হয়ে থাকতে পারে ছাত্রের ডাটা স্টোরেজ মিডিয়াম থেকে।

এই অঙ্গীকারে স্বাক্ষর করার ফলে ছাত্র/ছাত্রী এবং তাদের বাবা-মা /অভিভাবকেরা স্বীকার করলেন এবং রাজি হলেন এই ছাত্র/ছাত্রীদের যে ইলেকট্রনিক যন্ত্র ঋণে দেওয়া হবে তার জন্যে ইলেক্ট্রনিক যন্ত্র ব্যবহারকারীর চুক্তির শর্তগুলি মানতে, এবং কেমব্রিজ পাবলিক স্কুলের কম্পিউটার ও নেটওয়ার্ক ব্যবহারের জন্য কেমব্রিজ পাবলিক স্কুলের গ্রহণযোগ্য ব্যবহার বিধি মানতে, এবং কেমব্রিজ পাবলিক স্কুলের সফটওয়্যার কোড অফ এথিকস এবং কেমব্রিজ পাবলিক স্কুলের রাইটস এন্ড রেস্পন্সিবিলিটিস হ্যান্ডবুক ও অন্য সব স্কুল সংক্রান্ত নিয়মাবলী মেনে চলতে। ছাত্র/ছাত্রীরা এবং তাদের বাবা-মা / অভিভাবকেরা এও স্বীকার করলেন যে তারা ছাত্র/ছাত্রীদের যে ইলেকট্রনিক যন্ত্র ঋণে দেওয়া হবে তার জন্যে ইলেক্ট্রনিক যন্ত্র ব্যবহারকারীর চুক্তিটি পড়েছেন ও তার শর্তাবলিগুলি বুঝেছেন, এবং স্বতঃস্ফূর্ত ভাবে সম্পূর্ণ তাৎপর্য বুঝে স্বাক্ষর করছেন।

______________________________ ______________________________

ছাত্র/ছাত্রীর নাম ছাত্র/ছাত্রীর স্বাক্ষর

______________________________ ______________________________

বাবা/মা/অভিভাবকের নাম বাবা/মা/অভিভাবকের স্বাক্ষর

______________________________ ______________________________

তারিখ সিপিএসডি এসেট ট্যাগ #

## ইলেক্ট্রনিক যন্ত্র বাড়ি নিয়ে যাওয়া - না করা

আমি উপরোক্ত দায়িত্বগুলি পড়েছি ও বুঝেছি, এবং আমি চাইনা আমার সন্তান ইলেক্ট্রনিক যন্ত্রটি বাড়ি নিয়ে আসুক। আমি এও বুঝেছি যে যদি স্কুলের কাজ সম্পূর্ণ করার জন্য যদি স্কুলের সময়ের ভিতরেই ইলেক্ট্রনিক যন্ত্রটির প্রয়োজন হয় তাহলে তার ব্যবহারের জন্য একটি ইলেক্ট্রনিক যন্ত্রের ব্যবস্থা করা হবে, এবং যদি কাজ সম্পূর্ণ করার জন্য স্কুলের বাইরে ইলেক্ট্রনিক যন্ত্রটির প্রয়োজন পড়ে এবং কাজটি যদি সহজেই কাগজ পত্রে সম্পূর্ণ করা যায় তাহলে স্কুল আমার সন্তানের বাড়ি নিয়ে যাবার জন্য কাগজ পত্রের ব্যবস্থা করবে, এবং/কিম্বা তাদের বিচার অনুযায়ী, নিয়মিত ক্লাস সময়ের বাইরে স্কুলের পরিধির ভিতরেই একটি ইলেক্ট্রনিক যন্ত্র ব্যবহারের ব্যবস্থা করবে।

______________________________ ______________________________

ছাত্র/ছাত্রীর নাম ছাত্র/ছাত্রীর স্বাক্ষর

______________________________ ______________________________

বাবা/মা/অভিভাবকের নাম বাবা/মা/অভিভাবকের স্বাক্ষর

______________________________

তারিখ